# মক্কা প্যাক্টে যোগ দিতে পরিস্থিতি যাচাই করছে বাংলাদেশ: শামা ওবায়েদ



শামা ওবায়েদ। ছবি: সংগৃহীত

মক্কা প্যাক্টে বাংলাদেশ অংশ নেবে কি না, সে বিষয়ে বিভিন্ন দিক পর্যালোচনা করা হচ্ছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। তিনি বলেছেন, এ ধরনের কোনো জোটে যুক্ত হওয়ার ক্ষেত্রে বাংলাদেশের স্বার্থকেই আগে গুরুত্ব দেওয়া হবে।

মঙ্গলবার (১ সেপ্টেম্বর) আইপিইউ মহাসচিবের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি এসব কথা জানান।

শামা ওবায়েদ বলেন, মক্কা প্যাক্টে যোগ দেওয়ার বিষয়ে এখনো বাংলাদেশের কাছে কোনো আনুষ্ঠানিক আমন্ত্রণ আসেনি। আমন্ত্রণ এলে দেশের স্বার্থ বিবেচনা করে বিষয়টি যাচাই-বাছাই করা হবে।

তিনি বলেন, বাংলাদেশে আবার সংসদীয় গণতন্ত্র ফিরে এসেছে। আইপিইউ মহাসচিবের বাংলাদেশ সফর দেশের গণতান্ত্রিক ব্যবস্থাকে আরও শক্তিশালী করতে ভূমিকা রাখবে।

বর্তমান সংসদের তরুণ সদস্যদের বিষয়ে আইপিইউ ইতিবাচক মনোভাব পোষণ করছে বলেও জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী।

এদিকে বোয়িং থেকে উড়োজাহাজ কেনার বিষয়ে সার্জিও গোরের দেওয়া বক্তব্য প্রসঙ্গে শামা ওবায়েদ বলেন, ওই মন্তব্য আগের চুক্তিকে ঘিরে হতে পারে।

LENS ASIA